সাইপ্রাস নিয়ে যে প্রস্তাব দিলেন এরদোয়ান

তুরস্কের প্রেসিডেন্ট এরদোয়ানের প্রস্তাব, দুই দেশে ভাগ করে দেওয়া হোক সাইপ্রাসকে। একটি গ্রিক প্রধান দেশ এবং অন্যটি তুর্কি প্রধান দেশ।

রবিবার বিতর্কিত সমুদ্রসৈকত ভারোশাতে পিকনিক করতে গিয়েছিলেন এরদোয়ান। সেখানেই তিনি সাইপ্রাসকে দুই দেশে ভাগ করার প্রস্তাব দেন। গ্রিকভাষীদের প্রধান্য যেখানে সেই দক্ষিণ সাইপ্রাস ও তুর্কিদের প্রাধান্যের উত্তর সাইপ্রাস আলাদা দেশ হোক। ১৯৭৪ সাল থেকে উত্তর সাইপ্রাস দখল করে আছে তুরস্ক। সেখানে তুরস্কপন্থী সরকার আছে। কিন্তু একমাত্র তুরস্ক ছাড়া আর কোনও দেশ উত্তর তুরস্ককে স্বীকৃতি দেয়নি।

তুরস্কের উত্তর সাইপ্রাস অভিযানের ৩৭তম বার্ষিকীতে এরদোয়ানের প্রস্তাব, “সাইপ্রাসে দুই ধরনের মানুষ বাস করেন। দু’টি আলাদা গণতান্ত্রিক ব্যবস্থা আছে। তাই সার্বভৌমত্ব ও সাম্যের ভিত্তিতে দু’টি আলাদা দেশের আলোচনা শুরু হোক।” সূত্র: ডয়েচে ভেলে

নাইজেরিয়ায় ১০ দিনে পীত জ্বরে ৭৬ জনের মৃত্যু

নাইজেরিয়ার তিনটি প্রদেশে ১০ দিনের ব্যবধানে মহামারী পীত জ্বরে ৭৬ জনের মৃত্যু হয়েছে। স্থানীয় স্বাস্থ্য কর্মকর্তাদের উদ্ধৃতি দিয়ে শনিবার এ খবর প্রকাশ করেছে সিনহুয়া।

দেশটির রোগ নিয়ন্ত্রণ কেন্দ্রের প্রধান চিকোয়ি ইহিকিউআজু বলেন, ১ থেকে ১১ নভেম্বরের মধ্যে ডেল্টা প্রদেশে ৩৫ জন, এনুগুতে ৩৩ জন এবং বাউচি রাজ্যে ৮ জন মারা গেছে।

এছাড়া এ সময়ের মধ্যে এ তিন রাজ্যে ২২২ সন্দেহভাজন রোগী এবং ১৯

জন নিশ্চিত পীতজ্বরে আক্রান্ত হয়েছে।

পীতজ্বরের প্রাদুর্ভাব ঠেকাতে টিকা দেয়ার কাজ চলছে বলেও জানান দেশটির রোগ নিয়ন্ত্রণ কেন্দ্রের প্রধান। আক্রান্তদের মধ্যে বেশিরভাগই ১ থেকে ৫৫ বছর বয়সী পুরুষ। রোগীদের মধ্যে জ্বর, মাথাব্যাথা, জন্ডিস, পেটে ব্যথা, রক্ত বমির মতো উপসর্গ রয়েছে।

ইথিওপিয়ার ২ বিমানবন্দরে রকেট হামলা

ইথিওপিয়ার আমহারা রাজ্যের দুটি বিমানবন্দরে রকেট হামলা হয়েছে বলে শনিবার দেশটির সরকার জানিয়েছে। প্রতিবেশী তিগ্রাই রাজ্যের কাছাকাছি অবস্থিত এই বিমানবন্দর দুটি। তিগ্রাইতে প্রায় ১১ দিন ধরে স্থানীয় বাহিনীগুলোর সঙ্গে কেন্দ্রীয় বাহিনীর লড়াই চলছে।

এ ব্যাপারে ইথিওপিয়া সরকার জানিয়েছে, শুক্রবার আমহারার গনদার বিমানবন্দরে একটি রকেট আঘাত হানে। আরেকটি রকেট আমহারার বাহির দার বিমানবন্দর লক্ষ্য করে ছোড়া হয়েছিল। তবে এটি লক্ষ্যভ্রষ্ট হয়েছে।

তিগ্রাইয়ের ক্ষমতাসীন দল তিগ্রাই পিপলস লিবারেশন ফ্রন্ট (টিপিএলএফ) জানিয়েছে, রাজ্যের বিভিন্ন স্থানে প্রধানমন্ত্রী আবি আহমেদের বাহিনীর হামলার জবাবে বাহির দার ও গনদারের সামরিক ঘাঁটি লক্ষ্য করে তারা রকেট হামলা চালিয়েছে।

টিপিএলএফের এক মুখপাত্র বলেছেন, ‘যতক্ষণ তিগ্রাইয়ের বাসিন্দাদের ওপর হামলা বন্ধ না হবে ততক্ষণ পাল্টা হামলা তীব্র হবে।’

[redacted]

[redacted]

[redacted]

[

পাইলটবিহীন একটি এয়ারক্রাফটে গিয়ে আঘাত করে ওই মিসাইল। শুক্রবার বিকাল ৩টা ৫০ মিনিটে চাঁদিপুর থেকে ওই মিসাইল ছোঁড়া হয়। এই সাফল্যের পরই বাণিজ্যিকভাবে এই মিসাইল তৈরির প্রক্রিয়া শুরু হতে চলেছে। মিডিয়াম রেঞ্জে বিমানটিকে আঘাত করে এই মিসাইল।

নয়া এই মিসাইল চলন্ত অবস্থায় লক্ষ্য স্থির করতে পারে ও সঠিক টার্গেটে আঘাত করতে পারে। ভারতীয় সেনার এয়ার ডিফেন্সের জন্যই মূলত এই মিসাইল তৈরি হয়েছে। সূত্র: টাইমস অব ইন্ডিয়া

অস্ত্র বিক্রির রেকর্ড হতে পারে যুক্তরাষ্ট্রে! জল্পনা তুঙ্গে

মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে জয়ী জো বাইডেন শপথ নেয়ার আগেই দেশটিতে অস্ত্র বিক্রি বেড়ে যেতে পারে বলে ধারণা করা হচ্ছে। হতে পারে নতুন রেকর্ডও। মার্কিন গণমাধ্যম সিএনএন এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে।

জানা যায়, যুক্তরাষ্ট্রে অস্ত্র নিয়ন্ত্রণ আইন সংশোধনের জন্য দীর্ঘদিন মন্তব্য করে আসছেন বাইডেন। বাইডেনের মতে, অস্ত্র প্রস্তুতকারক কোম্পানিগুলো ডেমোক্র্যাটিক দলের শত্রু। কারণ ডেমোক্র্যাটিক দল দীর্ঘদিন যুক্তরাষ্ট্রে অস্ত্রের ব্যবহার কমিয়ে আনার প্রচেষ্টা করছে। কিন্তু তা কোনোভাবেই সম্ভব হচ্ছে না। অস্ত্র প্রস্তুতকারক কোম্পানিগুলো বার বার বাঁধা সৃষ্টি করছে।

বাইডেন প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার পর অস্ত্র বিক্রি বেড়ে যেতে পারে এমন অনুমান করে মার্কিন প্রতিষ্ঠান এজিস ক্যাপিটালের ব্যবস্থাপনা পরিচালক রমেল ডিয়োনিসো বলেন, যুক্তরাষ্ট্রে অস্ত্র আইন সংশোধন ও এর ব্যবহার কমিয়ে আনার অঙ্গীকার করেছেন বাইডেন। তাই তার শপথ নেয়ার আগেই অস্ত্র বিক্রি বাড়িয়ে দিতে পারে অস্ত্র প্রস্তুতকারক কোম্পানিগুলো। হতে পারে নতুন রেকর্ড।

তিনি বলেন, অস্ত্র প্রস্তুতকারক কোম্পানিগুলো এখন আতঙ্কে আছে। কারণ বাইডেন ক্ষমতায় যাওয়ার অস্ত্র নিয়ন্ত্রণ বিষয়ক আইনের সংশোধন অবশ্যই করবেন।

বিহারে ফের সরকার গড়তে চলেছে বিজেপি নেতৃত্বাধীন জোট

ভারতের বিহারে ফের সরকার গড়তে চলেছে বিজেপি নেতৃত্বাধীন এনডিএ জোট। মঙ্গলবার রাতে ঘোষিত ফলাফল অনুযায়ী, ২৪৩ আসনের বিধানসভায় এনডিএ জোট পেয়েছে ১২৫ আসন। আরজেডি নেতৃত্বাধীন মহাজোট পেয়েছে ১১০ আসন। অন্যরা পেয়েছে আট আসন।

বুথফেরত সমীক্ষার রিপোর্টকে ভুল প্রমাণ এবং তীব্র লড়াই গড়ে তুললেও কংগ্রেসের বাজে ফলের কারণে ম্যাজিক ফিগার অধরা থেকে যায় মহাজোটের। নির্বাচনে একক দল হিসেবে সর্বোচ্চ ৭৫ আসন পেয়েছে আরজেডি। দ্বিতীয় সর্বোচ্চ ৭৪ আসন পেয়েছে বিজেপি।

ভারতীয় গণমাধ্যম জানায়, এনডিএ জোট বিজেপি বেশি আসন পেলেও ফের মুখ্যমন্ত্রী হচ্ছেন জেডি (ইউ) এর নীতীশ কুমার। কারণ আগেই তা ঘোষণা করেছিল বিজেপির কেন্দ্রীয় নেতৃত্ব।

নির্বাচন কমিশনের ওয়েবসাইট অনুযায়ী, এনডিএ ম্যাজিক ফিগার ১২২ অতিক্রম করে আরও তিনটি আসন বেশি পেয়েছে। অর্থাৎ ২৪৩টি আসনের মধ্যে এনডিএ জিতেছে ১২৫টি আসনে। তেজস্বী যাদবের নেতৃত্বাধীন মহাজোট হাড্ডাহাড্ডি লড়াই করে থেমেছে ১১০ আসনে। অন্যরা পেয়েছে বাকি ৮টি আসন।

দু-দশকের মধ্যে এই প্রথম বিহারে বিজেপির থেকে কম আসন পেল নীতীশের জেডি (ইউ)। গতবারের ৭১ আসন থেকে জেডি(ইউ) এর আসন নেমে এসেছে ৪৩ টিতে। সেখানে বিজেপি ৫৩ থেকে বেড়ে ৭৪ হয়েছে। নীতীশের দলের ২৮টি আসন কমার পাশাপাশি বিজেপির আসন বেড়েছে ২১টি।

মহাজোটে আরজেডিই সর্বাধিক ৭৫টি আসন পেয়েছে। গতবারের তুলনায় ৫টি

আসন কমেছে। কংগ্রেসের খারাপ ফলের জন্য জোর ধাক্কা খেয়েছে মহাজোট। ৭০টি আসনে লড়াই করে মাত্র ১৯টিতে জিতেছে কংগ্রেস। গতবার তারা পেয়েছিল ২৭ আসন। জোট শিবিরের জন্য এটা বড় ধাক্কা। বিহারে বাম দলগুলো ভালো ফল করেছে। ২৮টি আসনে প্রার্থী দিয়ে তার মধ্যে ১৬টিতেই তারা জিতেছে।

পিএলও’র মহাসচিবের মৃত্যুতে ফিলিস্তিনে দিনে দিনের শোক

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মারা গেছেন প্যালেস্টাইন লিবারেশন অর্গানাইজেশনের (পিএলও) মহাসচিব সায়েব এরাকাত (৬৫)। তার মৃত্যুতে তিন দিনের শোক ঘোষণা করেছে ফিলিস্তিন।

মঙ্গলবার জেরুজালেমের হাদাসসাহ এইন কেরেম নামে একটি ইসরায়েলি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় প্রবীণ এ রাজনীতিবিদ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

গত ৮ অক্টোবর তার করোনা ধরা পড়ে। এরপর থেকে তার অবস্থা খারাপ হতে থাকে। পরে তাকে গত ১৮ অক্টোবর হাসপাতালে ভর্তি করা হয়। তার মৃত্যুতে ফিলিস্তিনে তিন দিনের শোক ঘোষণা করা হয়েছে।

ফিলিস্তিনের প্রেসিডেন্ট আব্বাস বলেন, আমাদের প্রিয় ভাই এবং বন্ধু, মহান যোদ্ধা ড. সায়েব এরাকাতের মৃত্যু ফিলিস্তিন ও আমাদের জনগণের জন্য বড় ক্ষতি।

তিনি পিএলওর মহাসচিবের পাশাপাশি ফিলিস্তিনের অত্যন্ত শক্তিশালী রাজনৈতিক গোষ্ঠী ফাতাহর সদস্য ছিলেন। ইসরায়েলের সঙ্গে সংঘাতে দ্বি-রাষ্ট্রভিত্তিক সমাধানের শক্তিশালী সমর্থক ও অধিকৃত ভূখণ্ডে অবৈধ বসতি স্থাপনের ঘোরবিরোধী ও সমালোচক ছিলেন পিএলওর এ মহাসচিব।

২০১৪ সালে ভেস্তে যাওয়া যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় ইসরায়েল-ফিলিস্তিনের শান্তি আলোচনায় প্রধান সমঝোতাকারীর ভূমিকা পালন

কত সম্পদের মালিক বাইডেন?

যুক্তরাষ্ট্রের ৪৬তম প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন ডেমোক্র্যাট দলীয় প্রার্থী জো বাইডেন। শনিবার পেনসিলভেনিয়ার ফল ঘোষণার পরে স্পষ্ট হয়ে গিয়েছে, আমেরিকায় ট্রাম্প পর্বের অবসান ঘটতে চলেছে। স্বাভাবিকভাবেই বাইডেনের সম্পদ নিয়ে জল্পনা-কল্পনাও শুরু হয়ে গেছে। তবে কারো কারো কাছে জো বাইডেন ‘মিডল ক্লাস জো’ নামে পরিচিত।

প্রেসিডেন্ট নির্বাচনের সময় নির্বাচন কমিশনে জমা দেওয়া হলফনামা অনুযায়ী, ২০১৬, ২০১৭ এবং ২০১৮ সালের স্টেট এবং ফেডারেল আয়কর রিটার্নের যে হিসাব দেওয়া হয়েছে তার বরাত দিয়ে ফোর্বস গত বছর এক প্রতিবেদনে জানায়, বাইডেনের মোট সম্পত্তির পরিমাণ ৯০ লাখ ডলার (৭৬ কোটি ২৩ লাখের বেশি টাকা)।

১৯৭৩ সাল থেকে ২০০৯ সাল পর্যন্ত সিনেটর ছিলেন বাইডেন। সিনেটের হিস্টোরিক্যাল রেকর্ড বলছে, এই সময়ের মধ্যে বাইডেনের বেতন ৪২ হাজার ৫০০ ডলার থেকে প্রতি বছর ১ লাখ ৭৪ হাজার ডলার পর্যন্ত হয়েছে।

বাইডেন তখন উপহাস করে বলতেন, আমি কংগ্রেসের সবচেয়ে গরীব মানুষ। ২০০৯ সাল থেকে ২০১৭ সাল পর্যন্ত ভাইস প্রেসিডেন্ট ছিলেন জো বাইডেন। তখন এক ধাক্কায় তার বেতন ৩০ শতাংশ বেড়ে যায়। প্রতি বছরে সেই বেতন দাঁড়ায় প্রায় ২ লাখ ৩০ হাজার ডলারে।

২০১৯ সালে বাইডেন জানিয়েছিলেন, ২০১৭ এবং ২০১৮ সালে তার এবং স্ত্রী জিল বাইডেনের সম্পত্তির পরিমাণ ছিল ১ কোটি ৫ লাখ ডলার। সূত্র: টাউন অ্যান্ড কাউন্টি

প্রথমবারের মতো মাস্ক পরে জনসমক্ষে রানি এলিজাবেথ

ব্রিটেনের রানি দ্বিতীয় এলিজাবেথকে প্রথমবারের মতো মাস্ক পরিহিত অবস্থায় জনসমক্ষে দেখা গেছে। লন্ডনে চলতি সপ্তাহের শুরু কালো রঙের মাস্ক পরে তিনি একটি শোক অনুষ্ঠানে যোগ দেন।

প্রথম বিশ্বযুদ্ধে প্রাণ হারানো ব্রিটিশ যোদ্ধাদের প্রতি ১১ নভেম্বর আনুষ্ঠানিকভাবে শ্রদ্ধা জানানো হবে। ওই কর্মসূচি সামনে রেখেই ওয়েস্টমিনস্টার অ্যাবেতে সমাহিত নাম না জানা এক যোদ্ধার প্রতি শ্রদ্ধা জানান ৯৪ বছরের রানি।

১০০ বছর আগে ফ্রান্স থেকে ওই সৈন্যের মরদেহ ব্রিটেনে নিয়ে আসা হয়। পরে তাকে ওয়েস্টমিনস্টার অ্যাবেতে সমাহিত করা হেয়েছিল।

রানী দ্বিতীয় এলিজাবেথের মা নিজের বিয়ের সময় হাতে থাকা ফুল দিয়ে এ সমাধিতে শ্রদ্ধা জানিয়েছিলেন। পরে এটি ঐতিহ্যে পরিণত হয়। এরপর রাজপরিবারের ডায়না, বিয়েত্রিচসহ যত জনের বিয়ে হয়েছে সবার হাতে ধরা ফুলের তোড়া দিয়ে শ্রদ্ধা জানানো হয়েছে এ সমাধিতে।